## পুনর্বাসিতদের ঋণ প্রদান নীতিমালা

আশ্রয়ণ-২ প্রকল্প হচ্ছে বাংলাদেশ সরকারের অন্যতম দারিদ্র বিমোচন প্রকল্প। এ প্রকল্পের উপকারভোগীদের বিভিন্ন ট্রেডে ঋণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানে সহায়তা করা হয়। এ প্রকল্পের মাধ্যমে এ যাবৎ **১,২২,০০০** টি পরিবার মাঝে **৯৭ কোটি** টাকা ঋণ প্রদান করা হয়েছে| প্রকল্পের উপকারভোগীদের নিয়ে গঠিত সমবায় সমিতির মাধ্যমে এ ঋণ কার্যক্রম পরিচালিত হয়।

| মেয়াদকাল | ঋণের পরিমাণ (কোটি টাকা) | ঋণ গ্রহীতার সংখ্যা |
|---|---|---|
| ১৯৯৭ – ২০০২ | ৩৭.৯৩ | ৮৭,২১০ |
| ২০০২ – ২০১০ | ৩৯.৪০ | ৫৮,৭০৩ |
| ২০১০ – ২০১৫ (ফেব্রুয়ারি পর্যন্ত) | ১৬.৭১ | ১৬,৪০০ |

**ঋণ গ্রহণের যোগ্যতা**

- প্রকল্পে পুনর্বাসিত উপকারভোগীরাই ঋণ গ্রহণের যোগ্য বিবেচিত হবেন
- কমপক্ষে তিন মাস যাবৎ প্রকল্পে বসবাস করছে এমন সদস্য
- ঋণ গ্রহণকারীর (পুরুষ/মহিলা) বয়স আঠার বৎসর বা তদুর্দ্ধ হতে হবে
- ঋণ গ্রহণকারী এ প্রকল্পের আওতায় বা অন্য কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষিত হতে হবে
- প্রতি পরিবারের (স্বামী ও স্ত্রী) ০১ জনের বেশী ঋণ পাবে না
- স্বাক্ষর জানতে হবে
- যাদের সন্তান সংখ্যা দুই এর অধিক নয়, ঋণ প্রদানের ক্ষেত্রে তারা অগ্রাধিকার পাবেন

**ঋণ প্রদানের ক্ষেত্রসমূহ**

নিম্নলিখিত ক্ষেত্রসমুহে ঋণ প্রদানের মাধ্যমে উপকারভোগীদের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়।

- মৎস্য চাষ
- গবাদি পশু পালন
- নার্সারী
- হস্তশিল্প/ কুটিরশিল্প/ মৃৎশিল্প/ নক্সী কাঁথা সেলাই
- বাশঁ ও বেতের কাজ/পাটি বুনন ইত্যাদি
- উপরোক্ত ক্ষত্রেসমূহ সহ মোট ৩২টি ক্ষেত্রে সুবধিাভোগীদরে ঋণ প্রদান করা হয়ে থাক।

**উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটি**

- উপজেলা নির্বাহী কর্মকর্তা --- সভাপতি
- সহকারী কমিশনার (ভূমি) --- সদস্য
- উপজেলা সমাজসেবা কর্মকর্তা --- সদস্য
- আর ডি, বিআরডিবি --- সদস্য
- সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা --- সদস্য
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা --- সদস্য
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা --- সদস্য
- সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান --- সদস্য
- উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা --- সদস্য
- উপজেলা মৎস্য কর্মকর্তা --- সদস্য
- স্থানীয় এনজিও প্রতিনিধি --- সদস্য
- উপজেলা সমবায় কর্মকর্তা --- সদস্য সচিব

**ঋণের আবেদন ও ঋণ মঞ্জুর**

- প্রকল্পের নির্ধারিত আবেদন পত্রে "উপজেলা ঋণ প্রদান কমিটি ‘র" নিকট ঋণের আবেদন করতে হবে। আবেদনে যাচিত ঋণের পরিমাণ, উদ্দেশ্য ও উৎপাদন পরিকল্পনা থাকবে।
- প্রশিক্ষণ গ্রহণকারীকে প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগানোর জন্য এ ঋণ প্রদানের মাধ্যমে উৎসাহিত করা হবে।
- "উপজেলা ঋণ প্রদান কমিটি " যাচিত ঋণের যৌক্তিকতা নিরূপণ করে আবেদনের ১(এক) মাসের মধ্যে ঋণ মঞ্জুরীর ব্যবস্থা করবে। যাচিত ঋণের পরিমান পুনঃনির্ধারণ করণের এখতিয়ার ‘উপজেলা ঋণ প্রদান কমিটি ‘র থাকবে।
- প্রকল্পের উপকারভোগীদের নিয়ে গঠিত সমবায় সমিতির মাধ্যমে ঋণের আবেদন করতে হবে।
- ঋণের আবেদন, ঋণ মঞ্জুর, ঋণের ব্যবহার ও ঋণ পরিশোধসহ এতদসংক্রান্ত সকল কর্মকান্ড "উপজেলা ঋণ প্রদান কমিটি‘র" সভার এজেন্ডাভুক্ত হবে।

**ঋণের জামানত**

- ঋণ মঞ্জুরীর ১৫ (পনের)দিনের মধ্যে ঋণের টাকা ব্যবহারের একটি বিস্তারিত প্রতিবেদন উপজেলা সমবায় কর্মকর্তা উপজেলা প্রকল্প ঋণ প্রদান কমিটির নিকট দাখিল করবেন|
- কোন একজন সদস্য ঋণ পরিশোধে ব্যর্থ হলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে দলভূক্ত অন্যান্য সদস্যগণ কর্তৃপক্ষকে সহায়তা করবেন|
- কোন দলের কমপক্ষে ৩ (তিন) জন সদস্য ঋণ পরিশোধ করলে তাদেরকে নতুন দল গঠনের মাধ্যমে পুনরায় ঋণ প্রদান করা যাবে|
- যে উদ্দেশ্যে ঋণ গ্রহণ করা হয়েছে, তা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এ ঋণ ব্যবহার করা যাবে না|
- তবে স্থানীয় অবস্থার প্রেক্ষিতে উপজেলা ঋণ কমিটির অনুমোদনক্রমে তা পরিবর্তন করা যাবে|

- উপজেলা প্রকল্প ঋণ প্রদান কমিটি ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠন করবে।

**ঋণের ব্যবহার**

- যে উদ্দেশ্যে ঋণ গ্রহণ করা হয়েছে, তা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এ ঋণ ব্যবহার করা যাবে না।
- তবে স্থানীয় অবস্থার প্রেক্ষিতে উপজেলা ঋণ কমিটির অনুমোদনক্রমে তা পরিবর্তন করা যাবে।
- উপজেলা প্রকল্প ঋণ প্রদান কমিটি ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠন করবে।

**ঋণের পরিমাণ**

- ১৯৯৭ – ২০০২ অর্থ বছরে পরিবার প্রতি ১০,০০০.০০ টাকা ঋণ প্রদান করা হত।
- ২০০২ – ২০১০ অর্থ বছরে পরিবার প্রতি ৭,০০০.০০ টাকা ঋণ প্রদান করা হত।
- ২০১২ – ২০১৩ অর্থ বছর হতে পরিবার প্রতি ২০,০০০.০০ টাকা ঋণ প্রদান করা হচ্ছে ।

**ঋণ পরিশোধ ও সমিতির মূলধন সৃষ্টি**

- মঞ্জুরীকৃত ঋণ সহজ কিস্তিতে ৭% সার্ভিস চার্জসহ করা হয়। তবে ঋণ পরিশোধের সময়সীমা ঋণ মঞ্জুরীর সময় নির্ধিরিত কিস্তি আনুযায়ী সীমাবদ্ধ থাকবে।
- ঋণ গ্রহণকারীকে ঋণ মঞ্জুরী, ঋণের কিস্তি পরিশোধ ইত্যাদি বিষয় উল্লেখ করে পাশ বুক সরবরাহ করা হয়।
- আদায়কৃত ঋণ পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এ কর্মসূচী ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে।
- কোন ঋণ গ্রহীতার মৃত্যু হলে এবং উক্ত ঋণ আদায়ের কোন উৎস না থাকলে উপজেলা ঋণ প্রদান কমিটির বিবেচনামতে সমিতির রির্জাভ ফান্ড থেকে উক্ত ঋণ সমন্বয় করা হবে।
- আদায়কৃত সার্ভিস চার্জের প্রকল্পের রিজার্ভ ফান্ডে ২.৫%, প্রকল্পের ফান্ডে ২.৫% এবং ২% সমিতিতে ঋণ গ্রহণকারীর সঞ্চয় হিসেবে জমা থাকবে।
- এই টাকার সমিতির আংশ সমিতির ব্যাংক হিসেবে এবং প্রকল্পের অংশ প্রকল্প পরিচালকের ব্যাংক হিসেবে জমা করতে হবে।
- সমিতির রির্জাভ ফান্ড হতে ব্যারাক, কমিউনিটি সেন্টার, টিউবওয়েল, বাথরুম/ল্যাটিন ইত্যাদি মেরামত ও রক্ষণাবেক্ষণের ব্যয়ভার মেটাতে হবে।
- প্রয়োজনে সমিতির সদস্যরা নিজেস্ব উদ্যোগে তহবিল সৃষ্টি করে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- উপজেলা সমবায় কর্মকর্তা এ বিষয়টি নিশ্চিত করবেন।
- ঋণের ব্যবহার ও আদায়ের জন্য উপজেলা সমবায কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।
- উপজেলা সমবায় কর্মকর্তা তার আধীনস্ত যে কোন কর্মকর্তাকে এ দায়িত্ব আর্পণ করতে পারবেন।

- ঋণ আদায় না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপজেলা সমবায় কর্মকর্তার মাধ্যমে ঋণ আদায় না হওয়ার সুস্পষ্ট কারণ উল্লেখসহ ঋণ আদায়ের সুনির্দিষ্ট প্রস্তাব উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প ঋণ প্রদান ও আদায় কমিটিতে পেশ করবেন।
- প্রকল্পের এ ঋণের কোন চক্রবৃদ্ধি সুদ হিসাবে করা হবে না।
- উপকারভোগীদের নিয়ে গঠিত সমবায় সমিতির মুলধন সৃষ্টির লক্ষ্যে সমিতির সদস্যদের সঞ্চয় উৎসাহ প্রদান করা হবে।

**ব্যাংক হিসাব**

- ঋণ মঞ্জুরী, আদায়সহ সকল লেনদেন যে কোন বানিজ্যিক ব্যাংক সঞ্চয়ী হিসাবের মাধ্যমে পরিচালিত হবে।
- নগদ লেনদেনের মাধ্যমে কোন কার্যক্রম পরিচালিত হবে না।
- প্রতিটি প্রকল্পের লেনদেন পৃথক হিসাব নম্বরে পরিচালিত হবে।
- উক্ত হিসাব উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা সমবায় অফিসারের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

**ঋণের টাকা অবমুক্তকরণ**

- ঋণের আবেদনসমূহ উপজেলা সমবায় কর্মকর্তার নিকট দাখিল করার পর, উপজেলা ঋণ প্রদান ও আদায় কমিটির সভায় বিবেচনাক্রমে প্রয়োজনীয় টাকা ছাড়করণের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করবে।
- প্রকল্প পরিচালক উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে টাকা ছাড়করণের ব্যবস্থা করবেন।

**বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের মাধ্যমে ঋণ প্রদান**

- সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বি.আর.ডি.বি ও যুব উন্নয়ন অধিদপ্তর তাদের বিভাগীয় নীতিমালা অনুসরণ করে পুনর্বাসিতদেরকে ঋণ প্রদান করতে পারবে।
- বিকল্প হিসেবে আশ্রয়ণ-২ থেকেও তাদের মাধ্যমে ঋণ কর্মসূচী বাস্তবায়ন করা যাবে।
- তবে একই সঙ্গে এক ব্যক্তিকে একাধিক উৎস থেকে ঋণ প্রদান করা যাবে না।

**বেসরকারী সংস্থার মাধ্যমে ঋণ প্রদান**

বেসরকারী সংস্থাসমূহ তাদের নিজস্ব স ¤পদে পুনর্বাসিতদেরকে ঋণ প্রদানের কর্মসূচী গ্রহণ করতে পারবে। তবে এ ঋণ কর্মসূচী সম্পর্কে আশ্রয়ণ-২ প্রকল্প কর্তৃপক্ষের পূর্ব অনুমতি নিতে হবে।

এ নীতিমালা বাস্তবায়নে কোন প্রকার জটিলতা বা অস্পষ্টতা দেখা দিলে আশ্রয়ণ-২ প্রকল্পের প্রকল্প পরিচালকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।